



‘স্টোকাস্টিক প্রসেসেস অ্যান্ড দেয়ার অ্যাপ্লিকেশনস ইন বিজনেস’ শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির অধ্যাপক ড. আবু সুফিয়ান রচিত ‘স্টোকাস্টিক প্রসেসেস অ্যান্ড দেয়ার অ্যাপ্লিকেশনস ইন বিজনেস’ শীর্ষক বইয়ের মোড়ক শনিবার দুপুরে ইউআইইউ অডিটোরিয়ামে উন্মোচন করা হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ প্রধান অতিথি হিসেবে বইয়ের মোড়ক উন্মোচন করেন। সভাপতিত্ব করেন ইউআইইউ’র ভিসি অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান। ইউআইইউ প্রোভিসি অধ্যাপক ড. হাসনান আহমেদ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভিসিরা ও শিক্ষকরা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।